

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (টেক্সটাইল শাখা)
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
web site : www.bteb.gov. bd

স্মারক নং বাকাশিবো/পঃ/কৃষি/২০১৭/৫৫

তারিখ : ১৮-০৪-২০১৭ খ্রিঃ


বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ৪ বছর মেয়াদী ডিপ্লোমা ইন এগ্রিকালচার/ফিশারিজ/লাইভস্টক শিক্ষাক্রমের ২০১১ প্রবিধানভুক্ত ১ম, ৩য়, ৫ম, ৭ম পর্ব নিয়মিত এবং ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম পর্বের অকৃতকার্য বিষয়ের পরীক্ষা-২০১৭ বিগত ০৯-০১-২০১৭ তারিখে শুরু হয়ে ১৫টি কার্য দিবসে তাত্ত্বিক পরীক্ষা, ৭ কার্যদিবসে ব্যবহারিক পরীক্ষা গ্রহণসহ ০৯ ফেব্রুয়ারি ২০১৭ পরীক্ষা শেষ হয়। অদ্য ১৮-০৪-২০১৭ তারিখে পরীক্ষা পরিষদের সুপারিশ মোতাবেক বোর্ডের অনুমোদনক্রমে ফলাফল প্রকাশ করা হলো। প্রকাশিত ফলাফলে কোন প্রকার অসংগতি বা অনভিপ্রেতঃ ভুলত্রুটি পরবর্তীতে পরিলক্ষিত হলে তা পরিবর্তন, সংশোধন ও বাতিল করার পূর্ণ ক্ষমতা বোর্ড কর্তৃক সংরক্ষিত।

উল্লেখ্য যে, প্রকাশিত স্থগিত ফলাফল ক্ষেত্রে কোন আপত্তি থাকলে প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে আগামী ৩০ এপ্রিল ২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে প্রয়োজনীয় সত্যায়িত কাগজপত্রাদির সফটকপি textile.bteb@gmail.com ই-মেইলের ঠিকানায় এবং হার্ড কপি ডাকযোগে পাঠাতে হবে। স্থগিতকৃত ফলাফল আবেদনের সাথে প্রবেশপত্র, হাজিরাসিট ও শিরোনাম পত্রের ফটোকপি অবশ্যই জমা দিতে হবে।

উত্তরপত্র পুনঃনিরীক্ষণের নির্ধারিত বিষয় ভিত্তিক ফি প্রদান করতঃ, যে সকল পরীক্ষার্থীদের ফলাফলে (বিষয়/পর্বের) সংশোধনের জন্য অনলাইন (Online) আবেদন করবে তাদের সংশ্লিষ্ট ১ম, ২য় ও ৩য় পর্বের জিপিএ (৮ম পর্বের ক্ষেত্রে প্রযোজ্য) হাজিরাসিট, শিরোনাম ও প্রবেশপত্র, টিসি/পিসি/পিএফ নম্বর ও প্রকাশিত ফলাফলের হার্ডকপি সত্যায়নসহ প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে অবশ্যই আগামী ৩০এপ্রিল ২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে আবেদন করতে হবে। সংশ্লিষ্ট তথ্যাদি প্রতিষ্ঠান প্রধানের সত্যায়নসহ ডাকযোগে অথবা স্বহস্তে জমা দেওয়া যাবে। নির্ধারিত সময়ের পরে এ ধরনের কোন আবেদন বিবেচনা করা হবে না। এখানে উল্লেখ্য যে, অনলাইন (Online) ব্যতীত উত্তরপত্র পুনঃনিরীক্ষণের আবেদন গ্রহণ যোগ্য নয় এবং প্রতিষ্ঠান ব্যতীত শিক্ষার্থী কর্তৃক কোন আবেদন গ্রহণ করা হবে না।

অন-লাইনে উত্তরপত্র পুনঃনিরীক্ষণের ক্ষেত্রে একই প্রতিষ্ঠানের একাধিক আবেদনকারী একটি মাত্র ডিডি মাধ্যমে আবেদন করতে পারবে অথবা এককভাবে আবেদন করতে পারবে তবে সকল প্রার্থীর ক্ষেত্রে অন-লাইনে আবেদনের সোনালী ব্যাংকের ডিডির নম্বর, শাখার নাম ও তারিখ উল্লেখ করতে হবে। অন-লাইনে প্রবেশের সময় Web page এ নিচে (Double Click) নির্দেশনাটি পড়ে নিতে হবে।


(প্রকৌশলী সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড